

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
বগুড়া।

স্মারক নং- ৩২.০১.১০০০.০০০.১৪.০৩৯.১৮- ৪০৬(৮)

তারিখ : ১৫/১২/২০২২ খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বগুড়া কর্তৃক পরিচালিত “জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচীর আওতায় প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে জানুয়ারী/২০২৩ ইং হতে মার্চ/২০২৩ ইং পর্যন্ত ৩ মাস মেয়াদী ৫ টি ট্রেড (১) সার্টিফিকেট ইন বিউটিফিকেশন, (২) ব্লক-বাটিক এন্ড প্রিন্টিং, (৩) ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন, (৪) কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন, (৫) মোবাইল ফোন সার্ভিসিং। প্রতি ট্রেডে ১০ জন করে ১০x৫ = ৫০ জন প্রশিক্ষণার্থী ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

- ১। প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ বছর হতে ৩৫ বছর হতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা কম্পিউটার ট্রেডের জন্য কমপক্ষে এইচ,এস,সি পাশ থাকতে হবে ও অন্যান্য ট্রেডের জন্য কমপক্ষে ৮ম শ্রেণী পাশ হতে হবে। অধ্যয়নরত ছাত্রীদের আবেদন না করার জন্য নিরুৎসাহিত করা হলো।
- ২। স্বামী পরিত্যক্তা, তালাক প্রাপ্তা, বিধবা ও আর্থিকভাবে দুর্দশাগ্রস্ত মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে পৌরসভা মেয়র/স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৩। প্রার্থীদের প্রতি কর্ম দিবসে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ৪। ভর্তি ইচ্ছুক মহিলাগণকে ১৫/১২/২০২২ ইং তারিখ হতে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে ফরম সংগ্রহ করতে হবে এবং ফরমের সঙ্গে ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পৌরসভা মেয়র/ইউপি চেয়ারম্যান এর নিকট হতে নাগরিকত্ব, জন্ম নিবন্ধন, ভোটার আইডি নং সহ আবেদন পত্র দাখিল করতে হবে।
- ৫। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখঃ ২৬/১২/২০২২ খ্রিঃ। উল্লিখিত তারিখের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ৬। ২৮/১২/২০২২ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে আবেদনকারীদের পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ করা হবে। এর জন্য কোন প্রকার ইন্টারভিউ কার্ড বা পুনঃ বিজ্ঞপ্তি জারী করা হবে না এবং কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না।
- ৭। প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৮। ০১/০১/২০২৩ ইং তারিখ পূর্বাঙ্কে চূড়ান্ত ভাবে নির্বাচিত মহিলাদের নামের তালিকা অত্র কার্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হবে এবং ঐ দিন থেকেই নিয়মিত ভাবে প্রশিক্ষণ শুরু হবে।

(মোঃ শহিদুল ইসলাম)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
বগুড়া।

স্মারক নং- ৩২.০১.১০০০.০০০.১৪.০৩৯.১৮- ৪০৬(৮)

তারিখ : ১৫/১২/২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বগুড়া।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া।
- ৪। মেয়র, বগুড়া পৌরসভা, বগুড়া।
- ৫। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বগুড়া।
- ৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ৭। জেলা সিনিয়র তথ্য অফিসার, বগুড়া (বহুল প্রচারের জন্য অনুরোধ সহ অনুলিপি প্রেরিত হলো)।
- ৮। নোটিশ বোর্ড, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বগুড়া।
- ৯।.....(বহুল প্রচারের জন্য)

(মোঃ শহিদুল ইসলাম)
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
বগুড়া।